**ত্রিপুরা সরকার**

**তথ্য ও সংস্কৃতি অধিকার**

*****

**স-২৪৪৪**

**আগরতলা, ২০ আগস্ট, ২০২৫**

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''জিবি হাসপাতালে এক্সরে ও রেডিওলজিক্যাল পরীক্ষায় বিলম্ব,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১৪ আগস্ট ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতাল কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জিবিপি হাসপাতাল রাজ্যের একমাত্র টারশিয়ারি কেয়ার সেন্টার হওয়ায়, স্বাভাবিকভাবেই সেখানে রোগীর চাপ অত্যন্ত বেশি থাকে। এই অতিরিক্ত চাপ সত্ত্বেও, হাসপাতাল কর্তৃপক্ষ একটি স্বচ্ছ অপেক্ষমাণ তালিকা অনুসরণ করে সমস্ত রেডিওলজিক্যাল পরীক্ষা পরিচালনা করে থাকেন। জিবিপি হাসপাতালের রেডিওলজি বিভাগের তিনটি এমআরআই মেশিন মূলত নিউরোলজি, নিউরোসার্জারি, টিসিসি ও ইমার্জেন্সি বিভাগের রোগীদের পরিষেবা দিতে ব্যস্ত থাকে। প্রতিদিন গড়ে ৩০ থেকে ৪৫টি এমআরআই স্ক্যান করা হয়। দুটি সিটি স্ক্যান মেশিন ২৪x৭ ঘন্টা চালু থাকে। এই মেশিনগুলো ট্রমা ও স্ট্রোক রোগীদের জরুরী ভিত্তিতে অনকলে পরিষেবা প্রদান করে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে বর্তমানে রেডিওলজি বিভাগে ১৮টি ইউনিটে তৎক্ষণিকভাবে অনকলে এক্স-রে পরিষেবা প্রদান করা হয়। একটি এমআরআই মেশিন সকাল ৯টা থেকে রাত ১০টা পর্যন্ত চলে। দুটি সিটি স্ক্যান মেশিন ট্রমা সেন্টারে ২৪x৭ ঘন্টা চালু থাকে। একটি সিটি স্ক্যান মেশিন সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চালু থাকে। জয়ন্তী ওয়ার্ডে ২৪x৭ ঘন্টা এক্স-রে পরিষেবা উপলব্ধ রয়েছে। ট্রমা সেন্টারে চারটি এক্স-রে ইউনিট সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলে। জরুরী রোগীদের পরীক্ষা যত দ্রুত সম্ভব সম্পন্ন করা হয়। অন্যান্য রোগীর ক্ষেত্রে, সাধারণত দুই থেকে তিন কার্যদিবসের মধ্যে সকল রেডিওলজিক্যাল পরীক্ষা সম্পন্ন করা হয়। রোগীর সেবা উন্নত করার লক্ষ্যে নতুন যন্ত্রপাতি স্থাপনের উদ্যোগ ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে এবং এর জন্য টেন্ডার প্রক্রিয়াও চলমান রয়েছে।

******